

CLASS 5 MODEL ACTIVITY TASK ENV SCIENCE NEW PART 4
JULY -2021(NEW)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

পঞ্চম শ্রেণী

পরিবেশ (পার্ট -৪)

১. ঠিক উত্তর নির্বাচন করো

১.১ কাঁধ থেকে কনুই পর্যন্ত বিস্তৃত হাড়ের নাম

(ক) ভার্টিব্রা

(খ) টিবিয়া

(গ) হিউমেরাস

(ঘ) ফিমরা।

১.২ একটি বুনো প্রাণীর উদাহরণ হলো

(ক) গোরু

(খ) ছাগল

(গ) শিয়াল

(ঘ) ভেড়া।

১.৩ যে প্রাণীটি অমেরুদণ্ডী সেটি হলো

(ক) রুইমাছ

(খ) কেঁচো

(গ) কাক

(ঘ) কুকুর।

২. একটি বাক্যে উত্তর দাও :

২.১ কোন রোগের বিরুদ্ধে দেহে প্রতিরোধ গড়ে তুলতে বিসিজি টিকা দেওয়া হয়?

উ:- যক্ষ্মা রোগের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে বিসিজি টিকা দেওয়া হয়।

২.২ কোন অঙ্গের সাহায্যে রক্ত আমাদের সারা দেহে ছড়িয়ে যায়?

উ:- হৃদপিণ্ডের সাহায্যে আমাদের সারা দেহে রক্ত ছড়িয়ে যায়।

২.৩ কোন ধরনের মাটিতে কাদা আর বালি প্রায় সমান পরিমাণে থাকে?

উ:- দোআঁশ মাটিতে কাদা আর বালি প্রায় সমান পরিমাণে থাকে।

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ তোমার চেনা দুরকমের রাসায়নিক বিক্রিয়ার উদাহরণ দাও।

উ:- আমার চেনা দুরকমের রাসায়নিক বিক্রিয়া হলো-

(i) দুধ থেকে ছানা তৈরি হওয়া।

(ii) লোহার পেরেকে মরিচা পড়া।

৩.২ বৃষ্টির জল ধরে তুমি কী কী কাজে লাগাতে পারো?

উ:- বৃষ্টির জল ধরে সেই জল বাগানে চারা গাছে ব্যবহার করা যাবে। কৃষিক্ষেত্রে ও বৃষ্টির জল ব্যবহার করা যাবে। বৃষ্টির জল ধরে রেখে গৃহের কাজে ব্যবহার করা যায়। যেমন- ঘর মোছা, বাথরুমে ব্যবহার, বাসন মাজা, কাপড় কাঁচা ইত্যাদি গৃহস্থালির কাজে।

৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৪.১ মাটি কীভাবে তৈরি হয়?

উঃ- ভূমিকম্প , সূর্যের তাপে, প্রবল বৃষ্টিতে পাথর ফেঁটে গুঁড়ো হয়। অনেক বছর ধরে অনেক কিছুর সঙ্গে তা মিশে মাটি হয়। মস, ফারাও মাটি তৈরিতে সাহায্য করে। এইভাবে মাটি তৈরি হতে হাজার হাজার বছর সময় লাগে।